

# প্রবাসে বাংলা শিক্ষায় সারা হোসেন এর সাফল্য!



শিক্ষা মন্ত্রীর প্রতিনিধি মারি ফিকারার হাত থেকে  
পুরস্কার নিচ্ছে সারা।

‘বলকাম হিলস্ হাই স্কুলের’ শতাব্দী রাশেদ এবং লাকেম্বা শাখার ছাত্র ‘ওয়াইলী পাক পাবলিক স্কুলের’  
এ এস এম শাহরিয়ার ইফতি। তারা দুজনই পেয়েছে কমেন্ডেড অ্যাওয়ার্ড। অপরদিকে হাইলি কমেন্ডেড  
অ্যাওয়ার্ড পেয়েছে এপিং শাখার ছাত্রী ‘হরস্বি গার্লস হাই স্কুলের’ ছাত্রী আশা হোসেন।

ভাষা শিক্ষায় সার্বিকভাবে এগিয়ে আছে এমন দশজনকে প্রতিবছর ‘মিনিস্টার অ্যাওয়ার্ড’ প্রদান করে  
অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলসের শিক্ষা মন্ত্রণালয়। অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস বিশ্ববিদ্যালয়ের  
স্যার জন ক্লেয়ানসি মিলনায়তনে ৩০ সেপ্টেম্বর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

এ বছর বিভিন্ন ভাষার ৩০ হাজার ছাত্রাত্ত্বীর সঙ্গে প্রতিযোগিতা করে প্রথম দশজনের মধ্যে ঠাঁই পায়  
সারা। বাংলা ভাষা ছাড়াও অন্য যে নয়টি ভাষা ২০১৩ সালের জন্য মিনিস্টার অ্যাওয়ার্ড পেয়েছে  
সেগুলো হল: আর্মেনিয়ান, সিংহলি, তামিল, পর্তুগিজ, চিনা, জাপানি, কোরিয়ান, উক্রাইনিয়ান ও  
পোলিশ।

বাংলা ভাষার বিভাবে অস্ট্রেলিয়ায় বাঙালিরা নিরন্তর চেষ্টা চালিয়ে যাচ্ছে। বাংলা একাডেমী সব চাইতে

সম্প্রতি নিউ সাউথ ওয়েলসের শিক্ষা  
মন্ত্রণালয় থেকে মিনিস্টার অ্যাওয়ার্ড  
পেয়েছে অস্ট্রেলিয়ায় জন্ম নেয়া বাঙালী  
মেয়ে সারা হোসেন। গত সাত বছর ধরে  
সারা হোসেন ‘বাংলা একাডেমী  
অস্ট্রেলিয়া’র বাংলা স্কুলে বাংলা লিখতে,  
পড়তে ও বলতে শিখেছে। যখন সারা কথা  
বলতে শিখেছে তখন থেকেই ওর বাংলায়  
হাতে খড়ি। সারা ‘বাংলা একাডেমী  
অস্ট্রেলিয়া’র প্রতিষ্ঠাতা আনোয়ার আকাশ  
ও সোমা আকাশ এর দ্বিতীয় কন্যা।

এছাড়া এবার বাংলায় অপর তিন বাঙালি  
সন্তান ‘কমেন্ডেড’ ও ‘হাইলি কমেন্ডেড’  
পুরস্কার পেয়েছে। এরাও বাংলা একাডেমী  
অস্ট্রেলিয়ার ভিন্ন ভিন্ন স্কুল শাখার ছাত্র-  
ছাত্রী। এরা হল ব্ল্যাকটাউন শাখার ছাত্রী

বেশী সংখ্যক স্কুল নিয়ে এগিয়ে আছে। এপিৎ, ব্ল্যাকটাউন ও লাকেস্বাতে একাডেমী'র বাংলা স্কুলগুলোতে নিয়মিত ক্লাস চলছে। ২০০৬ সাল থেকে বাংলা একাডেমী বাংলা স্কুল পরিচালনা শুরু করে। সংগীত, আবৃত্তি, নাটক, পাঠচক্র, বিতর্ক, উপস্থিত বক্তৃতা সহ নানাবিধ শিক্ষা নিয়ে বাংলা একাডেমী'র কেন্দ্রগুলো কাজ করছে। লাকেস্বা কেন্দ্রে এ সপ্তাহে শুরু হচ্ছে গানের ক্লাস। ক্লাসিকাল, রবীন্দ্র ও নজরুল সংগীত শেখানো হবে এখানে।

সারাব সাফল্য বাংলা একাডেমী কর্তৃপক্ষ ও শিক্ষকদের জন্য সম্মানজনক ও আনন্দের। পরিচালক আনোয়ার আকাশ বললেন সবার মিলিত চেষ্টাতেই এ পুরুষার পেয়েছি। এর যা কিছু আনন্দ ভাগ করে নিতে চাই বৃহত্তর কমিউনিটির বাংলা ভাষার মানুষদের সাথে। একাডেমী'র সৈয়দা নাজনীন হায়দার, রিজওয়ানা আলী, শারমিন সফিউদ্দিন, তাবাসসুম মাহয়াবিন, প্রভাঙ্গ অরহত্ত, অনিন্দিতা আহমেদ, ইসরাত আরা, মাহমুদা আখতার সহ অন্যান্য সকল শিক্ষকবৃন্দের অক্লান্ত পরিশ্রমের ফসল এই প্রাপ্তি। অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলসের সিডনিতে সবচেয়ে বেশি বাঙালির বসবাস। এছাড়া মেলবোর্ন, ক্যানবেরা, ব্রিসবেন, পার্থ, এডিলেড, তাসমানিয়া ও ডারউইনে বাঙালির বসবাস রয়েছে।

অভিভাবকদের উৎসাহী করার জন্য স্কুলগুলোতে বিনামূল্যে বাংলা একাডেমী এ শিক্ষা দিচ্ছে। বাংলা একাডেমী অস্ট্রেলিয়ার লক্ষ্য হচ্ছে ছেলেমেয়েদের বাংলা ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারায় আগ্রহী করে তোলা।

উৎসঃ বাংলা একাডেমি অস্ট্রেলিয়া প্রেরিত প্রেস বিজ্ঞপ্তি